

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৩।

নং- ১০.০০.০০০০.১২৭.১৯.০০১.১৭-৩৫২


তারিখঃ ২৩ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ  
০৮ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

**প্রজ্ঞাপন**

বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ময়মনসিংহের অতিরিক্ত জেলা ও দায়রা জজ বেগম ফারজানা খান-কে এটুআই প্রোগ্রামে নিযুক্তের উদ্দেশ্যে বর্তমান কর্মস্থল হতে বদলিপূর্বক পুনরাদেশ না দেয়া পর্যন্ত আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগে সংযুক্ত করা হলো।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(শেখ গোলাম মাহবুব)


উপসচিব (প্রশাসন-১)

নং- ১০.০০.০০০০.১২৭.১৯.০০১.১৭-৩৫২

তারিখঃ ২৩ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ  
০৮ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

- ১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ, ময়মনসিংহ।  
বদলিকৃত কর্মকর্তাকে তাঁর বর্তমান পদের দায়িত্বভার আপনার কর্তৃক মনোনীত কর্মকর্তার নিকট আগামী ১৫/১১/২০২০ খ্রিঃ তারিখ অর্পণ করে অবিলম্বে বদলিকৃত কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদান করতে অনুরোধ করা হলো।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৪। বেগম ফারজানা খান, অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ময়মনসিংহ।  
তাঁকে এ মর্মে অনুরোধ করা যাচ্ছে যে, তিনি যেন তাঁর বর্তমান পদের দায়িত্বভার জেলা ও দায়রা জজ কর্তৃক মনোনীত কর্মকর্তার নিকট আগামী ১৫/১১/২০২০ খ্রিঃ তারিখ অর্পণ করে অবিলম্বে বদলিকৃত কর্মস্থলে যোগদান করেন।
- ৫। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৫/৮, আইন ও বিচার বিভাগ।
- ৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৭। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৮। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।  
(উপরের প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৯। সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
- ১১। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ময়মনসিংহ।
- ১২। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।



(মোঃ শাহাবুদ্দিন)

সিনিয়র সহকারী সচিব

ফোন-৯৫৭৬৬৩১